দৌলতপুরে সন্ত্রাসী হামলায় যুবজোটের নেতা নিহত

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলায় সন্ত্রাসী হামলায় মাহবুব খান সালাম
(৩৮) নামের জাতীয় যুবজোটের এক নেতা নিহত হয়েছেন।

নিহত মাহবুব খান সালাম উপজেলার আমদহ বোডপাড়া গ্রামের আলাউদ্দিন খানের ছেলে। সে জাসদের সহযোগী সংগঠন জাতীয় যুবজোটের দৌলতপুর উপজেলার সাধারণ সম্পাদক ছিলেন।

কুষ্টিয়া ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় বুধবার (১১ মে) দিবাগত রাত দুইটার দিকে মৃত্যু হয় তাঁর।

এর আগে উপজেলার আল্লার দরগা বয়েন মোড়ে রাত ১১টার দিকে তাঁকে ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে আহত করে দূর্বৃত্তরা।

এলাকাবাসী ও পুলিশ সূত্রে জানা গেছে, গতকাল বুধবার রাত ১১টার দিকে ভ্যানে করে আল্লার দরগা বয়েন মোড়ে পৌঁছালে মাহবুবকে জোর করে নামিয়ে রামদা দিয়ে এলোপাতাড়ি কোপাতে থাকে সন্ত্রাসীরা। এ সময় মাহবুবের চিৎকারে স্থানীয়রা এগিয়ে গেলে সন্ত্রাসীরা পালিয়ে যায়। পরে মুমূর্ষু অবস্থায় তাঁকে উদ্ধার করে কুষ্টিয়া ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হলে দিবাগত রাত দেড়টার দিকে তাঁর মৃত্যু হয়।

হাসপাতাল সূত্রে জানা গেছে, মাহবুবের হাত-পায়ের রগ কাটা অবস্থায় ছিল। এ ছাড়া শরীরে অসংখ্য আঘাতের চিহ্ন ছিল।

দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এস এম জাবীদ হাসান জানান, এ হত্যাকাণ্ডের ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য একজনকে আটক করা হয়েছে। নতুন করে সংঘর্ষ এড়াতে ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। এ ছাড়া হত্যার সঙ্গে জড়িতদের ধরতে পুলিশি অভিযান চলছে।

এরই মধ্যে ময়নাতদন্তের জন্য মরদেহটি কুষ্টিয়া ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের মর্গে রাখা হয়েছে জানিয়েছেন ওসি।

এদিকে, মাহবুব খান সালাম হত্যাকাণ্ডের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন জাতীয় যুবজোটের সভাপতি রোকনুজ্জামান রোকন

এবং সাধারণ সম্পাদক শরিফুল কবির স্বপন। হত্যাকারীদের দ্রুত গ্রেপ্তারের দাবি জানিয়েছেন তাঁরা।

মেহেরপুর প্রতিদিনের বার্তা সম্পাদক হিসেবে নিয়োগ পেলেন জুলফিকার আলী কানন

মেহেরপুরের একমাত্র ও জনপ্রিয় পত্রিকা মেহেরপুর প্রতিদিনের বার্তা সম্পাদক হিসেবে নিয়োগ পেলেন মেহেরপুরের সিনিয়র সাংবাদিক জুলফিকার আলী কানন।
আজ বৃহস্পতিবার (১২ মে) থেকে আনুষ্ঠানিকভাবে মেহেরপুর প্রতিদিনে বার্তা সম্পাদক হিসেবে যোগদান করেন।
জুলফিকার আলী কানন জনপ্রিয় অনলাইন পোর্টাল বাংলানিউজের মেহেরপুর জেলা প্রতিনিধি হিসেবে কর্মরত আছেন। এর আগে তিনি স্যাটেলাইট টিভি চ্যানেল ও বিভিন্ন প্রিন্ট পত্রিকাতে মেহেরপুর জেলা প্রতিনিধি হিসেবে কাজ করেছেন।
আজ মেহেরপুর প্রতিদিনের কার্যালয়ে সম্পাদক ইয়াদুল মোমিন ও ব্যবস্থাপনা সম্পাদক মাহবুব চান্দু তাকে ফুলের তোড়া দিয়ে বরণ করে নেন।
সাংবাদিক জুলফিকার আলী কানন, গান, কবিতা ও গল্প লিখছেন।

মেহেরপুরে নানা আয়োজনে আন্তর্জাতিক নার্সেস দিবস

পালিত

নানা আয়োজনের মধ্যে দিয়ে মেহেরপুরে আন্তর্জাতিক নার্সেস দিবস পালিত হয়েছে।
বৃহস্পতিবার (১২ মে) সকো ৯ টার সময় মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল চত্বর থেকে সিভিল সার্জন ডাঃ মোঃ জওয়াহেরুল আনাম সিদ্দিকীর নেতৃতে একটি র্যালি বের হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে গিয়ে শেষ হয়।
কেক কাটার পরে দিবসটির তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের সুপার ডাঃ জমির মোহাম্মদ হাফিজুর সাত্তারের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডাঃ মোঃ জওয়াহেরুল আনাম সিদ্দিকী।
আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আর এম ও) ডাঃ মোঃ মোখলেছুর রহমান।

এছাড়া অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন নার্স সুপার ভাইজার পাপিয়া খাতুন, হাবিবা সুলতানা, কুলসুম খাতুন,আসাদুর রহমান, সাইদা মরিয়ম, নাজমা খাতুন, রহিমা খাতুন প্রমুখ।
পরে নার্সদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা চত্ত্বরে মাদক আখড়ায় হানা দু’জনের জেল জরিমানা

গাংনী উপজেলা খাদ্য গুদামের পেছনে একটি মাদক আখড়ায় অভিযান চালিয়েছে ভ্রাম্যমান আদালত ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

এসময় গাঁজা রাখা ও সেবনের অভিযোগে তিনজনকে আটক করা হয়।

এদের মধ্যে ভ্রাম্যমান আদালত বসিয়ে মাদক কারবারী বদরুল ইসলামের নামে নিয়মিত মামলা রুজুর আদেশ ও দুজনকে সাত দিনের কারাদন্ড ও ২০০ টাকা করে জরিমানা করেন।
দন্ডিতরা হচ্ছে- গাংনী মহিলা কলেজপাড়ার বদরুল ইসলামের ছেলে সুমন
(২০) ও বাজার পাড়ার আব্দুর রহমানের ছেলে আসলাম সিদ্দিকী নাজু (৩৮)।

বৃহষ্পতিবার (১২ মে) বেলা তিনটার দিকে গাংনীর সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। দন্ডিতদেরকে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে।

ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী হাকিম নাজমুল আলম জানান, উপজেলা পরিষদ চত্ত্বরের খাদ্য গুদামের পেছনে বদরুল ইসলাম মাদকের আখড়া পরিচালনা করছে এবং সেখানে কয়েকজন মাদক সেবন করছে সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টীমসহ অভিযান চালানো হয়। এসময় বদরুল ইসলামসহ তিনজনকে আটক করা হয়। পরে ভ্রাম্যমান আদালতে সুমন হোসেন (২০) ও আসলাম সিদ্দিকী (৩০) কে সাত দিন করে কারাদণ্ডাদেশ ও ২০০ টাকা করে জরিমানা করা হয়। অপরদিকে ৬৫০ গ্রাম গাঁজা পাওয়া যাওয়ায় বদরুল আলমের নামে নিয়মিত মামলা রুজুর আদেশ দেয়া হয়।

মেহেরপুর পৌর সভা নির্বাচনে আওয়ামীলীগের দলীয় মনোনয়ন পেতে ১১ প্রার্থীর ফরম জমা

মেহেরপুর পৌর সভার আসন্ন নির্বাচনে মেয়র পদের জন্য ১১ জন প্রার্থী আওয়ামীলীগের দলীয় মনোনয়নপত্র জমা দিয়েছেন।
আজ বৃহস্পতিবার(১২মে) বাংলাদেশ আওয়ামীলীগের ধানমন্ডি কেন্দ্রীয় অফিসে মনোনয়নপত্র জমা দেন তারা।

এরা হলেন, পৌর সভার বর্তমান মেয়র জেলা যুবলীগের আহবায়ক মাহফিজুর রহমান রিটন, মহিলা যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য ও জনপ্রশসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলাম, মেহেরপুর জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহীম শাহিন, জেলা স্বেচ্ছাসেবকলীগের আহবায়ক আরিফুল এনাম বকুল, মেহেরপুর শহর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইমতিয়াজ বিন হারুন জুয়েল, মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য জয়নাল আবেদীনের সহধর্মিনী তহমিনা খাতুন ও পুত্র তানভীর আহম্দে রানা, জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম, জেলা যুবলীগের সদস্য সোয়েব রহমান, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি সাফুয়ান রুপক ও মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন।

বাংলাদেশ আওয়ামীলীগের দলীয় মনোনয়ন প্রত্যাশীদের নাম আহবান করলে মেহেরপুর জেলার এসব নেতা কর্মী গত (১১ মে) সন্ধ্যা পর্যন্ত ফরম সংগ্রহ করেন। আজ বৃহস্পতিবার (১২ মে) আওয়ামীলীগের দলীয় কার্যালয়ে জমা দেন। আগামীকাল (১৩ মে) আওয়ামীলীগের দলীয় প্রার্থীর নাম ঘোষণা করা হবে বলে জানা গেছে।
উল্লেখ্য, আগামী ১৫ জুন মেহেরপুর পৌর সভার নির্বাচন অনুষ্ঠিত হবে।

গাংনী মহিলা ডিগ্রি কলেজের এ্যাডহক কমিটির মেয়াদ আরো ৬ মাস বৃদ্ধি

গাংনী মহিলা ডিগ্রি কলেজ পরিচালনা পর্ষদের এ্যাডহক কমিটির মেয়াদ আরো ৬ মাস বাড়িয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয় কলেজ পরির্দশক কর্তপক্ষ।
কলেজের পরিচালনা কার্যক্রম সুষ্ঠভাবে অব্যাহত রাখার স্বার্থে বর্তমান এ্যাডহক কমিটির মেয়াদ ১১/০৫/২০২২ তারিখ থেকে আগামী ১০/১১/২০২২ তারিখ পর্যন্ত বাড়ানো হয়েছে।

গত ১০/০৫/২০২২ তারিখে জাতীয় বিশ্ববিদ্যালয় কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত) ফাহিমা সুলতানা স্বাক্ষরিত স্বারক নং-০৭(খু-৬১৪)জাতীয়:বি:/ক:প:/কোড-০৯০৫/৫৪১৫৯ চিঠি গাংনী মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ বরাবর পাঠানো হয়েছে।
তিন সদস্য বিশিষ্ট এ্যাডহক কমিটিতে মেহেরপুর প্রতিদিন ও আইপি টিভি রাজধানী টিভির স্বতাধিকারী এম এ এস ইমন সভাপতি, কলেজের অধ্যক্ষ খোরশেদ আলী সদস্য সচীব ও নুরজাহান বেগম সদস্য হিসেবে রয়েছেন।

গাংনীতে আন্তর্জাতিক নার্সেস দিবস পালিত

“স্বাস্থ্য ব্যবস্থাপনায় শক্তিশালী নার্স নেতৃত্বের বিকল্প নেই, স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে নার্সিং খাতের বিনিয়োগ বাড়ান ও নার্সদের অধিকার সংরক্ষণ করুণ” প্রতিপাদ্য বিষয় নিয়ে গাংনীতে আন্তর্জাতিক নার্সেস দিবস পালিত হয়েছে।
দিবসটি পালন উপলক্ষে সকাল ৯ টার সময় একটি র‍্যালি গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে হাসপাতাল চত্বরে এসে শেষ হয়। পরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের হলরুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাক্তার জাহিদুর রেজার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন, নার্স সুপারভাইজার হুসনেয়ারা খাতুন. সিনিয়র নার্স আমেনা খাতুন, ইপিআই টেকনিশিয়ান আব্দুর রশিদ ও অফিস সহকারী আসাদুজ্জামান লিটন।

এর আগে আয়োজিত র‍্যালিতে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নার্স সুপারভাইজার হুসনেয়ারা চামেলী নেতৃত্ব দেন।
র‍্যালিতে সিনিয়র নার্স রোকেয়া খানম, নুরুন্নাহার বেগম, রাফিজা আক্তার, আমেনা খাতু, রাবিয়া খাতুন, নুরুন্নাহার খাতুন, শাহিনা আক্তার, নাসরিন আক্তার, সুকৃতি মন্ডল, শাকিলা আক্তার, আজমেরী খাতুন, সাথী আক্তারসহ গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মরত

নার্সবৃন্দ অংশ নেন।
এদিকে আন্তর্জাতিক নার্স দিবস উপলক্ষে আয়োজিত র্যালিতে যোগ দেন গাংনী সন্ধানী নার্সিং ইন্সটিটিউটের শিক্ষার্থীরা।

ছাত্রলীগ নেতার নামে শিক্ষকের মামলায় অব্যাহতির রিভিশন গ্রহণ

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ছাত্রলীগ নেতা মিজানুর রহমান লালনের বিরুদ্ধে করা ১০০ কোটি টাকার মানহানির মামলা থেকে অব্যাহতির রিভিশন গ্রহণ করেছে আদালত।

মামলায় আসামি লালন বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাবেক ছাত্র বিষয়ক সম্পাদক ও অর্থনীতি বিভাগের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। ওই মামলার বাদী বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রক্টর ও ইইই বিভাগের প্রফেসর ড. মাহবুবর রহমান।

গত মঙ্গলবার মামলার বিবাদী পক্ষের আইনজীবী অ্যাডভোকেট হাসানুল আসকার হাসু এ তথ্য নিশ্চিত করেছেন। এর আগে গত রোববার বিজ্ঞ কুষ্টিয়া জেলা ও দায়রা জজের বিচারক শেখ মোহাম্মদ আবু তাহের এ রায় দেন বলে তিনি জানান।

মামলার আইনজীবী বলেন, কোর্ট ডিবিসির সম্পাদক মঞ্জুরুল ইসলামকে আগেই ডিসচার্জ (অব্যাহতি) করেছে। লালনের বিরুদ্ধে নিম্ন আদালন চার্জ গঠন করেছিল। এটি সঠিক হয়নি মর্মে আমরা জজ কোর্টে রিভিশন করি। কোর্ট আমাদের রিভিশন গ্রহণ করেছে। অব্যাহতি দেওয়া হয়েছে কি-না জানতে চাইলে তিনি বলেন, জাজমেন্টের কপি এখনো হাতে পাইনি। পূর্ণাঙ্গ রায় না আসা পর্যন্ত বলতে পারছি না।

জানা গেছে, ২০১৯ সালের ২৩ সেপ্টেম্বর বেসরকারি টিভি চ্যানেল ডিবিসি নিউজে প্রচারিত ‘মানচিত্র: বিশ্ববিদ্যালয় গুলোতে অস্থিরতা’ শীর্ষক অনুষ্ঠানে সাক্ষাৎকার দেন মিজানুর রহমান লালন। সেখামে তিনি ড. মাহবুবের ছাত্র থাকাকালীন শিবিরের সাথে সংশ্লিষ্টতা, বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বানিজ্যে জড়িত থাকা,

প্রক্টর থাকাকালীন ছাত্রলীগ কর্মীদের উপর গুলি চালানোসহ নানান অভিযোগ করেন।

সেই প্রেক্ষিতেই অভিযোগ মিথ্যা দাবি করে একই বছরের ১৭ অক্টোবর কুষ্টিয়া জেলা দায়রা ও জজ আদালতে মিজানুর রহমান লালন ও ডিবিসি নিউজের প্রধান সম্পাদকক মুনজুরুল ইসলামকে বিবাদী করে ১০০ কোটি টাকার মানহানির মামলা দায়ের করে ড. মাহবুবুর রহমান। এ মামলায় এক বছর আগেই নিম্ন আদালত ডিবিসির সম্পাদককে অব্যাহতি দিয়েছিলেন বলে জানা গেছে।

এ বিষয়ে ছাত্রলীগ নেতা মিজানুর রহমান লালন বলেন, আমার আইনজীবী জানিয়েছে- মামলা থেকে অব্যাহতি পেয়েছি। জেলা জজ রিভিশন আবেদন গ্রহণ করেছে। আমি তার (মাহবুব) বিরুদ্ধে যে অভিযোগ তুলেছিলাম, আদালতে সেগুলো সত্য বলে প্রমাণিত হয়েছে। জেলা জজের পেশকারও জানিয়েছে মামলা থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। আমাকে মিথ্যা মামলায় হয়রানির প্রতিবাদে আমিও মামলা দায়েরের প্রস্তুতি নিচ্ছি।

তবে মামলা থেকে তাকে অব্যাহতি দেওয়া হয়নি বলে দাবি করেছেন বাদী প্রফেসর ড. মাহবুবর রহমান। তিনি বলেন, নিম্ন আদালত তার বিরুদ্ধে চার্জ গঠন করে। তখন সে জজ কোর্টে রিভিশনের (আপিল) জন্য আবেদন করে। বিজ্ঞ জেলা জজ তাকে নির্দোষ বলেনি। আমাকে বলেছেন, এটি খুলনা সাইবার ট্রাইব্যুনালে মামলা করতে হবে। জেলা জজ কোর্টে নয়।

কুষ্টিয়ায় মাদক মামলায় তিনজনের যাবজ্জীবন কারাদণ্ড

কুষ্টিয়ায় মাদক মামলায় তিন আসামিকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। সেইসঙ্গে তাদের প্রত্যেককে ২০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও এক বছরের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে।

বুধবার দুপুরের দিকে কুষ্টিয়া অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মো. তাজুল ইসলাম এ রায় দেন।

যাবজ্জীবন কারাদণ্ড প্রাপ্তরা হলেন- ভোলা জেলার দৌলতখান উপজেলার চরপাতা গ্রামের মৃত হানিফ দর্জির ছেলে জুয়েল আহসান, কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার ঠোটারপাড়া গ্রামের শুকুর মন্ডলের ছেলে আলমগীর এবং একই উপজেলার চরদিয়াড় গ্রামের মৃত শফি বিশ্বাসের ছেলে বজলু বিশ্বাস।

রায় ঘোষণার সময় আলমগীর ও বজলু আদালতে উপস্থিত ছিলেন। রায় ঘোষণার পর পরই পুলিশ পাহারায় জেলা কারাগারে পাঠানো হয় তাকে। অপর আসামি পলাতক রয়েছেন।

মামলার বিবরণে জানা যায়, ২০১৭ সালের ১৯ জুন বিকেলের দিকে ভেড়ামারা উপজেলার ১২ দাগ এলাকায় মাদক বিরোধী অভিযানে আসামিদের প্রাইভেট কার থেকে ২১৯ বোতল ফেনসিডিল উদ্ধার করে হাইওয়ে ও বিশেষ অভিযানে দায়িত্বরত পুলিশ। এ ঘটনায় সেদিনই তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ভেড়ামারা থানায় মামলা হয়।

আসামিদের বিরুদ্ধে দায়ের করা মামলাটি তদন্ত শেষে তাদের বিরুদ্ধে ২০১৭ সালের ১০ আগস্ট আদালতে অভিযোগপত্র দাখিল করেন তদন্তকারী কর্মকর্তা এম এ কুদ্দুস। সাক্ষ্য প্রমাণ শেষে ১৯৯০ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯(১) টেবিল ৩(খ) ধারার অধীনে অপরাধ প্রমাণিত হওয়ায় আসামিদের যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত।

আদালতের পাবলিক প্রসিকিউটর (পিপি) অনুপ কুমার নন্দী বলেন, মাদক মামলায় দোষী প্রমাণিত হওয়ায় তিন আসামিকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। সাজাপ্রাপ্ত এক আসামি পলাতক রয়েছেন। এ মামলায় আদালতে উপস্থিত ছিলেন অপর দুই আসামি। তাদের রায় ঘোষণার পর পরই পুলিশ পাহারায় জেলা কারাগারে পাঠানো হয়।

এবার কুমারখালীতে গুদামে

মিললো ৭শ লিটার সয়াবিন তেল

এবার কুষ্টিয়ার কুমারখালীতে গুদামে মজুত করে রাখা ৭শ লিটার সয়াবিন তেল উদ্ধার করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। পরে গুদামের মালিককে ১৫ হাজার টাকা জরিমানা করে ওই তেল আগের দামে বিক্রি করা হয়।

বুধবার দুপুরে কুমারখালী পৌরসভার তহ বাজারে অভিযান চালিয়ে এ আদেশ দেন ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়ার সহকারী পরিচালক সুচন্দন মণ্ডল।

তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে ওই এলাকায় অভিযান চালানো হয়। এ সময় বিপুল পরিমাণ সয়াবিন তেল মজুদ ও বেশি দামে বিক্রির অপরাধে বাদশা স্টোরের মালিক বাদশা মিয়াকে ১৫ হাজার টাকা জরিমানা করা হয়।

পরে গুদামে প্যাকেটজাত ৭শ লিটার রুপচাঁদা সয়াবিন তেল পাওয়া যায়। তাৎক্ষণিক মাইকিং করে ১৬০ টাকা দরে সাধারণ মানুষের মাঝে এসব তেল বিক্রি করা হয়।

সুচন্দন মণ্ডল আরও জানান, অবৈধ মজুতদারদের বিরুদ্ধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। মঙ্গলবার কুষ্টিয়া শহরের বড় বাজার এলাকায় মেসার্স মা ফুড প্রোডাক্টস নামের একটি গোডাউনে অভিযান চালিয়ে ৪০ হাজার লিটার সয়াবিন তেল উদ্ধার করেন ভ্রাম্যমাণ আদালত।